গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা

পানি সম্পদ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ২০২২-২০২৩ প্রকাশনা বিষয়ক সভার কার্যবিবরণী।

সভাপতি	মল্লিক সাঈদ মাহবুব অতিরিক্ত সচিব
সভার তারিখ	১৪ আগস্ট ২০২৩
সভার সময়	১১:৩০ ঘটিকায়।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
উপস্থিতি	পতাকা-'ক'

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে পানি সম্পদ মন্ত্রণালয়ের যুগ্মসচিব (প্রশাসন) জানান, পানি সম্পদ মন্ত্রণালয় প্রতিবছর বার্ষিক প্রতিবেদন প্রকাশ করে থাকে। বিগত বছরের ন্যায় বার্ষিক প্রতিবেদন প্রকাশের জন্য 'প্রকাশনা ও সম্পাদনা' এবং 'সংকলন' কমিটি গঠন করা হয়েছে। সভাপতি বার্ষিক প্রতিবেদন প্রকাশের গুরুত্ব তুলে ধরে এবারের বার্ষিক প্রতিবেদনে স্মার্ট বাংলাদেশ গঠন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, পানি বিধি, ডেল্টা প্ল্যান, এসডিজি, ড্রেজিং, খাল খনন ইত্যাদি সম্পর্কিত তথ্য অন্তভুর্ক্ত করার পরামর্শ প্রদান করেন।

২। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র: নং	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী
(ক)	বার্ষিক প্রতিবেদন প্রকাশের জন্য মন্ত্রণালয়ের আওতাধী সকল সংস্থা আগামী ৩১ আগস্ট ২০২৩ তারিখের মধ্যে তথ্য ও বিভিন্ন কার্যক্রমের ক্যাপশনসহ ছবি (সফটকপি ই-মেইলে) এ মন্ত্রণালয়ের প্রোগ্রামারের নিকট প্রেরণ করবে।	সকল সংস্থা ও প্রোগ্রামার, পাসম।
(খ)	সিইজিআইএসসহ অন্যান্য সংস্থা একাধিক প্রচ্ছদের ডিজাইন প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করবে।	সচিবের একান্ত সচিব, পাসম ও সিইজিআইএস।
(গ)	বার্ষিক প্রতিবেদন স্মার্ট বাংলাদেশ গঠন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, পানি বিধি, ডেল্টা প্ল্যান, এসডিজি, ড্রেজিং, খাল খনন ইত্যাদি সম্পর্কিত তথ্য অন্তভুর্ক্ত করতে হবে। এছাড়া, প্রতিটি সংস্থার উত্তম চর্চা এবং গুরুত্বপূর্ণ অর্জন বিষয়গুলো উল্লেখ করতে হবে।	পাসম ও সকল সংস্থা।
(ঘ)	বার্ষিক প্রতিবেদনে তথ্যাদি অন্তর্ভুক্তির ক্ষেত্রে বর্ণনামূলক তথ্যের চেয়ে পরিসংখ্যানগত তথ্য অন্তর্ভুক্ত করতে হবে।	পাসম ও সকল সংস্থা।
(ঙ)	বার্ষিক প্রতিবেদনের প্রুফ রিডিং এর জন্য একটি আলাদা কমিটি গঠন করতে হবে।	পাসম (প্রশাসন-২)।
(চ)	পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী, মাননীয় উপমন্ত্রী, সচিব মহোদয়ের বাণী স্ব-স্ব একান্ত সচিব এবং মাননীয় সংসদীয় স্থায়ী কমিটির সভাপতির বাণী জনাব মো: দেলোয়ার হোসেন (অডিট), পানি সম্পদ মন্ত্রণালয় সংগ্রহ করবে।	একান্ত সচিবগণ ও জনাব মো: দেলোয়ার হোসেন, সিনিয়র সহকারী সচিব (অডিট), পাসম।

৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মল্লিক সাঈদ মাহবুব
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩২.১৬.১০২.১৭.৫১৯

তারিখ: ২ ভাদ্র ১৪৩০
১৭ আগস্ট ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পানি সম্পদ মন্ত্রণালয়ের সকল সংস্থা প্রধান
২) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
৩) যুগ্মসচিব, উন্নয়ন-১ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
৪) যুগ্মসচিব, বাজেট ও অডিট অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
৫) উপসচিব, পরিকল্পনা-১ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
৬) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
৭) চীফ মনিটরিং, বাপাউবো, ঢাকা।
৮) নির্বাহী পরিচালক, সেন্টার ফর এনভায়ারনমেন্টাল অ্যান্ড জিওগ্রাফিক ইনফরমেশন সার্ভিসেস, বাড়ি নং-৬, সড়ক নং-২৩/সি, গুলশান-১, ঢাকা ১২১২।
৯) নির্বাহী পরিচালক, ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং, প্লট-০৬, রোড-৩/সি, ব্লক-এইচ, সেক্টর-১৫, উত্তরা, ঢাকা-১২৩০।
১০) প্রোগ্রামার, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়
১১) সহকারী সচিব, প্রশাসন-৩ শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়

সুজিত হাওলাদার
উপসচিব